# bZzb w`b

কোস্ট শিক্ষা প্রকল্পের মাসিক বুলেটিন

COAST Foundation

unicef

| জুলাই ২০২১ | ৩য় বর্ষ | সংখ্যা ৩৪ |
|---|---|---|

মানবিক সহায়তা ও সাড়া প্রদানের অংশ হিসেবে, ইউনিসেফের আর্থিক ও কারিগরি সহযোগিতায় 'শিক্ষা প্রকল্পের" আওতায় কোস্ট ফাউন্ডেশন রোহিঙ্গা শিশুদের প্রাক প্রাথমিক এবং অনানুষ্ঠানিক শিক্ষা প্রদান করছে। ক্যাম্প-১৪ তে কোস্ট ফাউন্ডেশনের ৮৪ টি লার্নি সেন্টার রয়েছে। যেখানে ৬২৩০ জন শিক্ষার্থী আনন্দদায়ক পরিবেশে মানসম্মত শিক্ষা গ্রহণ করছে।







রেডিও, অ্যাপসের রেকর্ডিং এর মাধ্যমে শিক্ষার্থীরা তাদের শিক্ষা কার্যক্রম সচল রেখেছেন।, ছবিঃ মিজানুর রহমান, পিও, ক্যাম্প-১৪, জুলাই, ২০২১।

## লার্নিং সেন্টারগুলোর জন্য আলাদা আলাদা দুর্যোগ পূর্ব পরিকল্পনা প্রনয়ন

কোস্ট ফাউন্ডেশন শিক্ষা প্রকল্পের ৮০ টি লার্নিং সেন্টারের জন্য আলা আলাদা দুর্যোগ পূর্ব প্রস্তুতি পরিকল্পনা ˆতরী করা হয়েছে। লার্নিং সেন্টারগুলো নিয়মিত ব্যবহার না করার ফলে এমনিতে নাজুক হয়ে পড়েছে এরপর চলমান বর্ষা মৌসুম এবং সর্বশেষ ঘটে যাওয়া সাইক্লোন ইয়াসের কারনে ৯টি লার্নিং সেন্টার ক্ষতি গ্রস্ত হয়েছে। পরিকল্পনা ˆ



‡nv÷ wUPvi‡`i AskMÖnb `‡hv©M cwiKíbv cÖYb| Qwe: Rv‡f`, wUI

তরীর জন্য প্রকল্পের আওতায় ৮০ জন শিক্ষককে নিয়ে একটি প্রশিক্ষনের আয়োজন করা হয়। প্রশিক্ষনটিতে দুর্যোগ পূর্ব প্রস্তুতির পাশাপাশি কিভাবে কমিউনিটিকে কাজে লাগিয়ে আপদকালীন সময়ে জনবল বাড়ানো যায় এবং করনাকালীন সময়ে লার্নিং সেন্টারগুলোর নিরাপত্তা নিশ্চিত করা যায় সে বিষয়ে ও পরিক-ল্পনা তৈরী করা হয়।



K¨v¤ú chv©q `‡hv©M cwiKíbv mfv| Qwe: †ivgvbv, †nv÷ wUPvi|

## করোনা মোকাবেলায় সুস্বাস্থ্যের চর্চা অভ্যাসে পরিনত

কোস্ট ফাউন্ডেশন ইউনিসেফের সহযোগীতায় রোহিঙ্গা ক্যাম্পে শিশুদের জন্য শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। করোনা কালীন সময়ে রোহিঙ্গা ক্যাম্পগুলোতে স্বাভাবিক কার্যক্রম পরিচালনায় বাধ্য বাধকতা থাকায় প্রকল্পের অন্য সহকর্মীরা ক্যাম্পে সরাসরি শিশুদের সাথে যোগাযোগ রক্ষা না করতে পারলে ও তাদের দিকনির্দেশনা অনুযায়ী বার্মিজ ভাষা শিক্ষকরা শিশুদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করছে। শিশুরা হয়ে উঠছেন তথ্য আদান প্রদানের প্রধান বাহক।



nvZ †avqvi PP©vK‡i‡Qb ‡gvt kvn, ‡j‡fj 1| Qwe: †RvQbv, wbGjAvB|

শিশুরা পরিবারের দৈন্দিন অভ্যাস পরিবর্তনে ভুমিকা রাখতে পারে প্রমানিত। লিলি লার্নিং সেন্টারের লেভেল ১ এর শিক্ষার্থী আসমা বলেন করনার থেকে মুক্ত থাকতে মাস্ক ব্যবহার করতে হবে জানি, আমরা আমাদের শিক্ষদের থেকে শিখেছি শুধু মাস্ক নয় নিয়মিত হাত ধোয়া এবং সামাজিক দূরত্ব বজায় রাখা এটা থেকে মুক্তির সবচেয়ে ভালো উপায়।



সুসস্বাস্থ্যে করনীয় অভ্যাসগুলো শিশুরা নিয়মিত চর্চা করছে। ছবি কৃতজ্ঞতা: আসমা, লেভেল ১। ছবি: আঃ

বার্মিজ ভাষা শিক্ষকরা নিয়মিত বাড়ী পরিদর্শনকালে শিশুদের পাশাপাশি তাদের অবিভাবকদের সাথেও আলাপ আলোচনা করছে। অবিভাবকরা বলছেন তাদের শিশুরা করোনা থেকে সুরক্ষিত থাকার উপায়গুলো নিয়মিত চর্চার মাধ্যমে অভ্যাসে পরিনত করার চেষ্টা করছে। এক্ষেত্রে কোস্ট ফাউন্ডেশনের সহকমীরা করোনার বিষয়ে হালনাগাদ তথ্যগুলো সম্পর্কে অবগত থেকে বার্মিজ শিক্ষকদের নিয়মিতভাবে সেগুলো সরবরাহ করছে। জরুরী সেবা পেতে হলে কোথায় কি করতে

## ভারিবর্ষনে বিএলআইদের মাধ্যমে শিক্ষা কেন্দ্র রক্ষার প্রচেষ্টা

আমাজান শিক্ষা কেন্দ্র ক্যাম্প-১৪ ডি ব্লকে অবস্থিত। করোনা মহামারির কারনে দীর্ঘ দিন শিক্ষা কেন্দ্র গুলো বন্ধ আছে। তাছাড়া সরকারের ধারাবাহিক লকডাউনের ফলে ক্যাম্পে যাতায়াতও এখন সম্ভব হচ্ছে না। এ অবস্থায় বিএলআইরা শিক্ষা কেন্দ্রের দেখাশুনা ও ছাত্রছাত্রী এবং অবিভাবকদের সাথে যোগাযোগ রক্ষা করে চলেছেন।

চলতি বছর বর্ষা মৌসুম শুরুর আগে প্রোকল্পের **'এমারজেন্সি প্রিপেয়ার্ডনেন্স এন্ড রেসপন্স প্লান'** শীর্ষক প্রশিক্ষন শেষ করা হয়। জুন-২০২১ এর ২২, ২৩,২৪ এবং ২৭ তারিখের এই প্রশিক্ষনে সকল হোস্ট টিচার এবং বিএলআইরা অংশগ্রহন করে। দূর্যোগ বলতে কি বুঝি, দূর্যোগ কালীন সময়ে শিক্ষা কেন্দ্রে সুরক্ষা, ছাত্রছাত্রদের নিরাপদ স্থানে সরিয়ে



লার্নিং সেন্টার সুরক্ষায় একক প্রচেষ্টা। ছবি কৃতজ্ঞতা বিএলআই।

নেওয়া এবং অবিভাবক ও স্টেকহোল্ডারদের সাথে করনীয় নিয়ে প্রশিক্ষনে আলোচনা করা হয়। প্রশিক্ষনে শিক্ষক এবং বিএলআইরা বিষয় গুলো ভালোভাবে বুঝতে পেরেছেন বলে মতামত দেন। তাই বর্ষা শুরুর আগেই তারা তাদের শিক্ষা কেন্দ্র অনুযায়ী ভারিবর্ষায় কিকি ক্ষতি হতে পারে এবং তা থেকে রক্ষার একটা পরিকল্পনা করে রাখে।

আমাজান শিক্ষা কেন্দ্রটি পাহাড়ের পদদেশে অবস্থিত। একটু বৃষ্টি হলে পানি শিক্ষা কেন্দ্রের ভিতরে প্রবেশ করে। বার বার এ অবস্থার ফলে শিক্ষা কেন্দ্র পরিস্কার করতে বিএলআই এর পক্ষে কষ্টসাধ্য হয়ে যায়। বিষয়টি বিবেচনা করে তিনি শিক্ষা কেন্দ্রের সামনে ড্রেন করার পরিক-ল্পনা করেন। যেহেতু লকডাউনের কারনে শিক্ষা কেন্দ্র অফিসিয়াল ভাবে মেরামত করা সম্ভব হচ্ছে না তাই তিনি নিজ উদ্দ্যেগে শিক্ষা কেন্দ্রের সামনে একটি ড্রেন তৈরি করেন। ড্রেন তৈরির ফলে পাহাড়ের পানি এখন শিক্ষা কেন্দ্রে না যেয়ে ড্রেন দিয়ে বের হয়ে অন্য দিকে চলে যায়। তাই এবারের ভারিবর্ষনেও শিক্ষা কেন্দ্রের মধ্যে পানি প্রবেশ করেনি। বিএ্লআই এর একক প্রচেষ্টায় শিক্ষা কেন্দ্রটি পানি প্রবেশের হাত থেকে

## আরো নতুন চারটি লার্নিং সেন্টারেশিক্ষা প্রকল্পের কার্যক্রম সম্পসারিত

কোস্ট ফাউন্ডেশনের শিক্ষা প্রকল্প আরো চারটি নতুন লার্নিং সেন্টারে তাদের কার্যক্রম সম্প্রসারন করার সুযোগ পেয়েছে। কোস্ট ফাউন্ডেশন শুরু থেকে ক্যাম্প ১৪ তে ৮০টি লার্নিং সেন্টারে তাদের কার্যক্রম দক্ষতার সাথে পরিচালনা করে আসছিল, নতুন চারটি লার্নিং সেন্টার সহ



নতুন লার্নিং সেন্টারগুলোর দুইটি। ছবি: সুরাইয়া, পিও, শিক্ষা প্রকল্প

মোট ৮৪ টি লার্নিং সেন্টারে তাদের কার্যক্রম চালিয়ে নিয়ে যাবে। চলতি মাসে ইউনিসেফ অন্যান্য পার্টনারদের পাশাপাশি কোস্ট ফাউন্ডেশনকে চারটি লার্নিং সেন্টারের আসবাব ও অন্যান্য সম্পদ বুঝিয়ে দেন। ইতিমধ্যে কোস্ট ফাউন্ডেশন লার্নিং সেন্টারগুলোতে নতুন হোস্ট টিচার নিয়োগের কাজ শেষ করেছেন এবং বিদ্যমান বার্মিজ ল্যাংগুয়েজ টিচারদের সহযোগীতায় লার্নিং সেন্টাগুলো দেখভালের ব্যবস্থা করেছেন।

## কর্মসূচীতে অংশগ্রহনকারীদের মতামতের ভিত্তিতে আমাদের উদ্যোগ

মে মাসের শুরু থেকে সেক্টর মিটিং সহ পার্টানারদের সাথে অন্যান্য মিটিংগুলোতে বর্ষা মেŠসুমে লার্নিং সেন্টারগুলোর সুরক্ষার জন্য পূর্ব প্রস্তুতির অংশ হিসেবে পরিকল্পনা করার মতামত জোরেসোরে উচ্চারিত হচ্ছিল। শিক্ষা প্রকল্পের সকলকে নিয়ে একটি দূর্যোগ পূর্ব প্রস্তুতি প্রশিক্ষনের আয়োজন করা হয় এবং সফলভাবে প্রশিক্ষনটি শেষের পর প্রত্যেকটি লার্নিং সেন্টারের জন্য আলাদা আলাদা করে দূর্যোগ পূর্ব পরিকল্পনা ˆতরী করা হয়। কোস্টের সকল সহকর্মীর সহযোগীতায় এই পরিকল্পনা সম্প্রতি ঘটে যাওয়া অতি বৃষ্টি ও সবশেষ ঘটে যাওয়া ঘূর্নিঝড় ইয়াস থেকে লার্নিং সেন্টারগুলোকে অনেকাংশে সুরক্ষিত করেছে।

## আগষ্ট২০২১

| রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহঃ | শুক্র | শনি |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১ | ২/মাসিক কর্মী সভা | ৩/রিফ্রেশার সভা হোস্ট টিচার) |
| ৪/রিফ্রেশার সভা হোস্ট টিচার) | ৫ | ৬ | ৭ | ৮/রিফ্রেশার সভা (বার্মিজ ভাষা শিক্ষক) | ৯ | ১০ |
| ১১/ওয়াশ ট্রেনিং (বার্মিজ শিক্ষক) | ১২/ওয়াশ ট্রেনিং (বার্মিজ শিক্ষক) | ১৩ | ১৪ | ১৫ | ১৬/বার্মিজ শিক্ষক প্রশিক্ষন | ১৭/বার্মিজ শিক্ষক প্রশিক্ষন |
| ১৮ | ১৯ | ২০ | ২১/গাছ রোপন | ২২ | ২৩ | ২৪/হোস্ট টিচার প্রশিক্ষন |
| ২৫/হোস্ট টিচার প্রশিক্ষন | ২৬/হোস্ট টিচার প্রশিক্ষন | ২৭/হোস্ট টিচার প্রশিক্ষন | ২৮/হোস্ট টিচার প্রশিক্ষন | ২৯ | ৩০ | ৩১ |

‡hvMv‡hvMt ‡gvevBjt 01762624808, B-‡gBjt jasim.coast@gmail.com, WWW.COASTBD.NET